

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.৩৮.০০১.১৯- ২৭০৭

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৬
২৯.১০. ২০১৯

বিষয় : ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা পদায়ন।

সূত্র : (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.৪৫.০০০০.০৭০.৯৯.০০৫.১৮(অংশ-১)-৪৩, তারিখ-১১/০৩/২০১৯
(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৫.২৬.০০৩.১৯-১৮৬, তারিখ-০৭/১০/২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত দুটি পত্রে উল্লেখ রয়েছে যে, দেশব্যাপী বিদ্যমান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সংগৃহীত তথ্য পর্যালোচনায় সারাদেশে ৪৮৩টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র বিভিন্ন ধরনের সমস্যায় জর্জরিত অবস্থায় আছে (তালিকা সংযুক্ত)। উল্লেখযোগ্য সমস্যা সমূহের মধ্যে প্রয়োজনীয় জনবল, আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদির অভাব রয়েছে বলেও উল্লেখ রয়েছে। উল্লিখিত পত্রে এ সকল সমস্যা জরুরি ভিত্তিতে সমাধানপূর্বক জনগণের মানসম্মত সেবাশ্রাণ্ডি নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, দেশের ৮টি বিভাগের আওতাধীন যে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবল না থাকার কারণে সেবা প্রদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে, সেসকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবা কার্যক্রম জোরদারকরণার্থে জরুরি ভিত্তিতে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণপূর্বক অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :-

ক. যে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০২(দুই) জন পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্মরত আছেন, সেসকল কেন্দ্র থেকে একজনকে পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের শূন্য পদে জরুরি ভিত্তিতে বদলি/পদায়ন করা;

খ. যে সকল উপজেলায় এমসিএইচ ইউনিট চালু রয়েছে এবং সংশ্লিষ্ট উপজেলার এমসিএইচ ইউনিট এবং সদর ক্লিনিকে ০২(দুই) জন পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্মরত আছেন, ঐ সকল উপজেলার এমসিএইচ ইউনিট অথবা সদর ক্লিনিক হতে ০১ জন পরিবার কল্যাণ পরিদর্শিকাকে পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের শূন্য পদে জরুরি ভিত্তিতে বদলি/পদায়ন করা ;

গ. “ক ও খ” ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে বদলি/পদায়ন পূর্বক শূন্যস্থান পূরণ করা সম্ভব না হলে, পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাকে সপ্তাহে ০৩(তিন) দিন জনবল শূন্য কেন্দ্রে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা ; এবং


ঘ. যে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এর পদ শূন্য রয়েছে, সেসকল কেন্দ্রে পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারকে সপ্তাহে ০৩(তিন) দিন দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : বর্ণনামতে পাতা।

পরিচালক
পরিবার পরিকল্পনা
..... বিভাগ।


তারিখ: ২০/১০/২০১৯

(মোঃ হেমায়েৎ হুসেন)

যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং

পরিচালক (প্রশাসন)

ফোন-০২-৫৫০১২৩৪২

চলমান পাতা-০২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৪। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল),পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ডিজিএফপি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।